# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১২৫) কিয়ামতের দিন পারস্পরিক জুলুমের বদলা নেয়ার ব্যাপারে কুরআন মজীদের দলীল কী?

উত্তরঃ কিয়ামতের দিন সকল প্রকার যুলুমের বদলা নেয়া হবে। আল্লাহ্ তাআলা বলেনঃ

إِنَّ اللَّهَ لاَ يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ وَإِنْ تَكُ حَسَنَةً يُضَاعِفْهَا وَيُؤْتِ مِنْ لَدُنْهُ أَجْرًا عَظِيمًا

“নিশ্চয়ই আল্লাহ্ তাআলা বিন্দুমাত্র যুলুম করবেন না এবং যদি কোন সৎকাজ থাকে তবে তা কয়েকগুণ বাড়িয়ে দিবেন। আর আল্লাহ্ তাঁর নিকট হতে মহান প্রতিদান প্রদান করবেন”। (সূরা নিসাঃ ৪০) আল্লাহ্ তাআলা বলেনঃ

الْيَوْمَ تُجْزَى كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ لاَ ظُلْمَ الْيَوْمَ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ * وَأَنْذِرْهُمْ يَوْمَ الْآزِفَةِ إِذْ الْقُلُوبُ لَدَى الْحَنَاجِرِ كَاظِمِينَ مَا لِلظَّالِمِينَ مِنْ حَمِيمٍ وَلاَ شَفِيعٍ يُطَاعُ * يَعْلَمُ خَائِنَةَ الْأَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُورُ * وَاللَّهُ يَقْضِي بِالْحَقِّ

“আজ প্রত্যেক ব্যক্তিকে তার কৃতকর্মের বিনিময় দেয়া হবে। আজ কারো প্রতি কোন যুলুম করা হবে না। নিশ্চয়ই আল্লাহ্ দ্রুত হিসাব সম্পন্নকারী। আপনি তাদেরকে আসন্ন দিন সম্পর্কে সতর্ক করুন। যখন প্রাণ ওষ্ঠাগত হবে, দম বন্ধ হওয়ার উপক্রম হবে। পাপীদের জন্য এমন কোন বন্ধু এবং সুপারিশকারী থাকবেনা, যার সুপারিশ গ্রহণ করা হবে। চক্ষুর খেয়ানত ও অন্তরে যা গোপন আছে সে ব্যাপারে তিনি অবহিত। আর আল্লাহই ফয়সালা করেন ইনসাফের সাথে”। (সূরা গাফেরঃ ১৭-২০) আল্লাহ্ তাআলা আরও বলেনঃ

وَقُضِيَ بَيْنَهُمْ بِالْحَقِّ وَهُمْ لاَ يُظْلَمُونَ

“আর তাদের মাঝে ইনসাফের সাথে ফয়সালা করা হবে। তাদের উপর কোন প্রকার যুলুম করা হবেনা”। (সূরা যুমারঃ ৬৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11939

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন